উপজেলা পরিষদ কার্যালয়
মঠবাড়ীয়া, পিরোজপুর।

## সেপ্টেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রিয়াজ উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ ও সময় : ১৬ সেপ্টেম্বর ২০২১, দুপুর ১.০০ টা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট -'ক'

সভায় সভাপতি মহোদায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভা পরিচালনার অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | গত ৩১ আগস্ট ২০২১ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। | পঠিত কার্যবিবরণীর ১৬ নং ক্রমিকের (গ) অনুচ্ছেদের গৃহীত প্রকল্পের প্রকল্প কমিটির সভাপতি চেয়ারম্যান সাপলেজা ইউনিয়ন পরিষদের স্থলে চেয়ারম্যান বেতমোর রাজপাড়া ইউনিয়ন পরিষদ প্রতিস্থাপিত হবে এবং অন্যান্য বিষয়ে কারো কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, মঠবাড়ীয়া। |
| ২. | উপজেলা কৃষি অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় আরো জানান যে,<br>(ক) যান্ত্রিকীকরণ প্রকল্পের মেরামত-সংরক্ষনাগার নির্মানের জন্য ১২০০ স্কয়ার ফুট জমি প্রয়োজন। উপজেলা পরিষদের মধ্যে ভবন নির্মাণের জন্য জায়গা পাওয়া গেলে ভবন নির্মান করা সম্ভব।<br>(খ) এ ডি পির অর্থায়নে আমন মৌসুমে টানা বর্ষণের কারণে কৃষকের ক্ষতি পুষিয়ে নেয়ার উদ্দেশ্যে মঠবাড়ীয়া উপজেলার ৫৫০(পাচঁশত পঞ্চাশ) জন কৃষকের মাঝে মাথাপিছু ২ কেজি হারে হাইব্রিড বোরো ধানের বীজ বরাদ্দ পাওয়া গেছে। যে সকল এলাকায় বোরো ধানের চাষ হয় সে সব ইউনিয়নের চেয়ারম্যানগণ উক্ত বীজ প্রকৃত কৃষকদের মাঝে বিতরনের নিমিত্ত তালিকা প্রেরনের জন্য অনুরোধ করেন।<br>(গ) ইউজিডিপি এর অর্থায়নে সূর্যমুখী, ভুট্টা, মাল্টা ও ড্রাগন উৎপাদন পদ্ধতি বিষয়ক দুই ব্যাচ প্রশিক্ষণ উপপ্রকল্প উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের অভ্যন্তরে উক্ত ভবন নির্মানের কোন খালি জায়গা না থাকায় কৃষি মন্ত্রনালয় হতে জমি অধিগ্রহনের পূর্বক ভবন নির্মানের জন্য পরামর্শ দেয়া হলো।<br>সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ প্রকৃত বোরো ধানের কৃষকদের তালিকা প্রদান করবেন। | উপজেলা কৃষি অফিসার,মঠবাড়ীয়া/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান । |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান,তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমে শতভাগ জনসেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মঠবাড়িয়া কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মঠবাড়ীয়া। |
| ৪. | (ক) উপজেলা প্রকৌশলী এলজিইডি সভায় জানান, অত্র উপজেলার ২০২১-২০২২ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় ১ম কিস্তি বাবদ ২২.৭০ লক্ষ টাকা বরাদ্ধ পাওয়া গিয়াছে। ধারনা করা যাচ্ছে যে, অত্র উপজেলাতে প্রতি কিস্তিতেই গড়ে ২২.৭০ লক্ষ টাকা হারে বরাদ্দ পাওয়া যাবে। সেই অনুযায়ী ২০২১-২০২২ ইং অর্থ বছরে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে মোট ৯০.৮০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা আছে। যে কারণে অত্র উপজেলায় ৯০.৮০ লক্ষ টাকার অগ্রিম প্রকল্প গ্রহণের জন্য প্রকল্প | এডিপি হতে বাস্তবায়ন যোগ্য প্রকল্প সমুহের তালিকা আগামী মাসিক সভার পূর্বেই উপজেলা প্রকৌশলী এলজিইডি এর দপ্তরে দাখিল কারার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি/ ইউপি চেয়ারম্যান (সকল) মঠবাড়ীয়া। |

| | | | |
|---|---|---|---|
| | বন বিভাগ এর দায়িত্ব প্রশাসনিক কাজে পিরোজপুর বাগেরহাট গমন স্বত্তেও প্রায় সকল মাসিক সমন্বয় সভা সহ উপজেলা পরিষদের সকল প্রগ্রামে আমি উপস্থিত থাকি। সুতরাং ১৮/০৭/২০২১ ইং তারিখে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা রেজুলেশনে আমার উপর আনীত অনিয়ম ও দুর্নীতির বিষয়টি রদ ও রহিত করতঃ অত্র মাসিক সমন্বয় সভার কার্য্য বিবরণীতে অন্তর্ভূক্ত করানোর জন্য সবিনয় অনুরোধ করা হলো। | | |
| ১২ | চেয়ারম্যান, ধানীসাফা সভায় জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নাই। | উপজেলার সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, ধানীসাফা ইউনিয়ন পরিষদ। |
| ১৩ | চেয়ারম্যান,টিকিকাটা সভায় জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নাই। | উপজেলার সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, টিকিকাটা ইউনিয়ন পরিষদ। |
| ১৪ | চেয়ারম্যান, হলতা গুলিশাখালী সভায় জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নাই। | উপজেলার সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, হলতা গুলিশাখালী ইউনিয়ন পরিষদ। |
| ১৫ | ভাইস চেয়ারম্যান জনাব আরিফুর রহমান সিফাত সভায় জানান যে, বিভিন্ন দপ্তরের কার্যক্রমে অনেক সময় জনপ্রতিনিধিদের কিছু কিছু সুপারিশ থাকে কিন্তু সরকারী পরিপত্র অনুযায়ী সেগুলো বাস্তবায়ন করেন না। আবার সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন ভাতা/ প্রণোদনা দিয়ে থাকে সেগুলো তালিকাভূক্ত করণ বা বিতরণের পূর্বে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে আলোচনা করে নিলে ভালো হয় | সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন ভাতা/ প্রণোদনা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে তালিকাভূক্ত করণ বা বিতরণের পূর্বে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে আলোচনা করে নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান। |
| ১৬ | (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, আলোচ্য সভায় যে সকল সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে সে সকল সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগীতা কামনা করেন। তিনি বলেন সরকার কর্তৃক প্রদত্ত ভাতাসমূহ যথা সময়ে বিতরণ করা না হলে সবচেয়ে বেশী দুর্নাম হয় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের। আশ্রায়ণ প্রকল্পের বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্যদের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিজস্ব নজরদারি জোরদার করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, উপজেলা সুপার মার্কেটের দোকান মালিকগন দোকান উচ্ছেদের বিরুদ্ধ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে বিবাদী করে ৯৬/২০২১ নং দেওয়ানী মামলা দায়ের করেছেন। মামলায় বিবাদী পক্ষের জবাব দাখিলের তারিখ আগামী ২৫/১০/২০২১ খ্রিস্টাব্দ তারিখ। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২১ অনুযায়ী মামলা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য বিজ্ঞ কৌশলীসহ যাবতীয় খরচ মিটানোর জন্য অর্থের প্রয়োজন। সভায় তিনি আরো জানান, উপজেলা পরিষদের ডরমিটরীর পানির মটারটি পুড়ে যাওয়ায় এবং পানির লাইনটি পুরাতন মর্মে উহা মেরামত করা আবশ্যক হওয়ায় জরুরি ভিত্তিতে একটি নতুন মটার ক্রয়করে পানির লাইন মেরামত করে ২৩৯৮০/- টাকা খরচ হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করেন উপরোক্ত বিষয়সমূহে বিস্তারিত আলোচনা হয়েছে। | আলোচ্য সভায় যে সকল সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে সে সকল সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আগামী সভায় বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান হয়। করেন। সরকার কর্তৃক প্রদত্ত ভাতাসমূহ যথা সময়ে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করা হয়।। আশ্রায়ণ প্রকল্পের বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্যদের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিজস্ব নজরদারি জোরদার করার জন্য অনুরোধ করা হয়।<br>(ক) ৯৬/২০২১ নং দেওয়ানী মামলায় বিবাদী পক্ষের জবাব দাখিলের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২১ অনুযায়ী মামলা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য বিজ্ঞ কৌশলীসহ যাবতীয় খরচ মিটানোর জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০,০০০/- টাকা এবং (খ) উপজেলা পরিষদের ডরমিটরীর পানির মটার ক্রয় এবং পানির লাইন মেরামত বাবদ ব্যয়িত ২৩৯৮০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মঠবাড়ীয়া। |
| ১৭ | সভাপতি তথা উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন অত্যাবশ্যকীয় স্থাপনা জরুরি মেরামত ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্ত ক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ক্রমিক নং-৩ এর (ঘ) অনুচ্ছেদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে বছরে ৫,০০,০০০/- টাকা ব্যয় করা যাবে। ঘূর্ণিঝড়, বন্যা, | ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন অত্যাবশ্যকীয় স্থাপনা জরুরি মেরামত ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অগ্রিম ৩,০০,০০০/- টাকা উত্তোলণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, মঠবাড়ীয়া। |

| | | | |
|---|---|---|---|
| | দাখিলের জন্য বলা হলে অধিকাংশ ইউনিয়ন থেকেই প্রকল্পের তালিকা পাওয়া যায়নি মর্মে যথাশীঘ্র প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। | | |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তর, মঠবাড়ীয়া ২০২১-২০২২ অর্থ বছরে যুব মহিলাদের জন্য ৩০ জনের ০৭(সাত) দিন ব্যাপী ১৪ (চৌদ্দটি) টি ব্যাচের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষনের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রশিক্ষনের প্রশিক্ষণার্থীদের জন্য প্রতি সেসনে উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- টাকা হারে যাতায়াত প্রদান করা হবে। | প্রশিক্ষণের গুনগত মান বজায় রেখে সরকারি বিধি বিধান মেনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মঠবাড়ীয়া। |
| ৫ | উপজেলা শিক্ষা অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর সভায় জানান,তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। তিনি ১১৬ নং দক্ষিন পূর্ব মিঠাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়টির অবকাঠামো বর্তমান অবস্থা অত্যন্ত জরাজীর্ন, মেঝেতে ফাটল, ছাদে কংক্রিট এবং দেয়াল প্লাস্টার ঝরে পরছে বিধায় শ্রেণিকক্ষে পাঠদান ঝুকিপূর্ন ও বিপদের কথা বিবেচনা করে উক্ত বিদ্যালয় ভবনটি পরিত্যাক্ত ঘোষনা করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করার অনুরোধ জানান । | ১১৬ নং দক্ষিন পূর্ব মিঠাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি জরুরী ভিত্তিতে পরিত্যাক্ত ঘোষনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা প্রকৌশলী, মঠবাড়ীয়া। |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর সভায় জানান,তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমে শতভাগ জনসেবা নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মঠবাড়িয়া কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মঠবাড়ীয়া। |
| ৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং তাঁর বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের ব্যারাক নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আনসারদের ব্যারাক নির্মাণের জন্য উপজেলা নির্বাহী অফিসার জরুরি ভিত্তিতে দরপত্র আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, মঠবাড়ীয়া। |
| ৮. | উপজেলা মৎস অফিসার সভায় জানান, ২৮/০৮/২০২১ তারিখ হতে ০৩/০৯/২০২১ তারিখ পর্যন্ত মৎস সপ্তাহ পালন চলমান রয়েছে। তিনি আরো জানান চলতি ২০২১-২০২২ অর্থ বছরে সরকারীভাবে ১ লক্ষ ১৬ হাজার টাকার সরকারী জলাশয়ে পোনা বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সরকারী পুকুরের তালিকা করে উন্নতমানের পোনা ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস অফিসার, মঠবাড়ীয়া। |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে ভাতা বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের কাঙ্খিত সহযোগিতা পাওয়া যাচ্ছে না। ফলে শতভাগ জনসেবা নিশ্চিত করা যাচ্ছে না। | ভাতা বিতরণের ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার, মঠবাড়িয়াকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মঠবাড়ীয়া। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, গভীর সমুদ্রে থাকা জেলেদের জন্য মৎস ভিজিএফ হিসেবে প্রাপ্ত চাল প্রতি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুকূলে উপ বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত চাল জেলেদের মাঝে বিতরণের কার্যক্রম চলমান। তিনি আরো জানান মুজিব বর্ষ উপলক্ষে আশ্রায়ণ প্রকল্পের আওতায় নির্মানাধীন ঘরের কাজ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | গভীর সমুদ্রে থাকা জেলেদের জন্য মৎস্য ভিজিএফ হিসেবে প্রাপ্ত চাল সঠিকভাবে বিতরনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয। তিনি আরো জানান মুজিব বর্ষ উপলক্ষে আশ্রায়ণ প্রকল্পের আওতায় নির্মানাধীন ঘরের কাজ নিয়মিত পরিদর্শনপূর্বক সাপ্তাহিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মঠবাড়ীয়া। |
| ১১ | উপজেলা বন কর্মকর্তা বলেন ১৯/০৯/২০২১ ইং তারিখ উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থিত সম্মানিত সভাপতি সহ সকলকে ধন্যবাদ জানিয়ে বন বিভাগের পক্ষ থেকে ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, মঠবাড়িয়া এস.এফ.পি.সি ১৮/০৭/২০২১ ইং তারিখের উপজেলা মাসিক সমন্বয় সভার কারন উপস্থাপন করেন। ১৮/০৭/২০২১ ইং তারিখ মাসিক সমন্বয় সভার পত্র না পাওয়ায় সর্বপরি স্টাফ স্বল্পতা স্বত্বেও মাঝের চরে ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংরক্ষিত বন) মঠবাড়িয়া কোর্টের বন মামলা পরিচালক (এফ.সি.সিও) এর দায়িত্ব উপজেলা | পরবর্তী সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য এবং সরকারী বিধিবিধান অনুস্মরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, মঠবাড়ীয়া। |

| | | | |
|---|---|---|---|
| | প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন অত্যাবশ্যকীয় স্থাপনা জরুরি মেরামত ইত্যাদি ক্ষেত্রে পরিস্থিতি মোকাবেলায় ক্ষতিগ্রস্থদের তাৎক্ষণিক আর্থিক অনুদান/ সাহায্য প্রদান করার নিমিত্ত উক্ত টাকা অগ্রিম উত্তোলন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়েছে।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় আরো জানান যে, পাঠাকাটা ধলাই হাওলাদার বাড়ীর সম্মুখে কালভার্ট জনগুরুত্ব বিবেচনায় নির্মান করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল খাত হতে বাস্তবায়নের জন্য পেশ করেন । উক্ত বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। | (২) পাঠাকাটা ধলাই হাওলাদার বাড়ীর সম্মুখে কালভার্ট নির্মান সম্ভাব্য প্রকল্প ব্যয়ঃ ১,০০,০০০/- টাকা।<br>প্রকল্প কমিটি ঃ<br>১।জনাব মোঃ মজিবুর রহমান, সদস্য,দাউদখালী ইউপি- সভাপতি<br>২। জনাব আল আমিন, গণ্যমান্য –সদস্য<br>৩। জনাব আঃ হালিম মাষ্টার- শিক্ষক - সদস্য<br>৪। জনাব মোঃ রুহুল আমিন, ইমাম -সদস্য<br>৫। জনাব জাকারিয়া কাওসার - সদস্য সচিব। | |

পরিশেষে সভাপতি সভায় যে সকল সদস্য অনুপস্থিত রয়েছেন তাদের পরবর্তী সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৯/২০২১

মোঃ রিয়াজ উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মঠবাড়ীয়া, পিরোজপুর।

স্মারক নং-০৫.১০.৭৯৫৮.০০০.০০.০০০.২১- ৯১৯

তারিখঃ ১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১২৯, পিরোজপুর-৩( সদয় জ্ঞাতার্থে)।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( সদয় জ্ঞাতার্থে)।
৩. জেলা প্রশাসক, পিরোজপুর ( সদয় জ্ঞাতার্থে)।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর ( সদয় জ্ঞাতার্থে)।
৫. মেয়র, মঠবাড়ীয়া, পৌরসভা, পিরোজপুর।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৮. উপজেলা ..............................................কর্মকর্তা, মঠবাড়ীয়া, পিরোজপুর।
৯. চেয়ারম্যান(সকল),.......................................... ইউপি, মঠবাড়ীয়া, পিরোজপুর।
১০. জনাব ..................................................................................................মঠবাড়ীয়া, পিরোজপুর।
১১. অফিস কপি।

২৬.০৯.২১

বশির আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার( অঃ দাঃ)
মঠবাড়ীয়া, পিরোজপুর।